JUN. 0 4 ...

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

...নিক সংবাদ

## ...ঠিপত্র

...জন্য সম্পাদক দায়ী নন

## বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য সমাজের উচ্চ শিক্ষিত ও সচেতন নাগরিকদের এগিয়ে আসতে হবে

শিক্ষা জাতির মেরুদন্ড। শিক্ষা ছাড়া কোন জাতি কোনক্রমেই কোন ভাবেই সৎভাবে উন্নতি করতে পারবে না। তাই আমাদের উচিত— দেশের উন্নয়ন ও মানব সম্পদ উন্নয়নের জন্য প্রথমে শিক্ষা ব্যবস্থাকেই শক্তিশালী করা এবং শিক্ষাঙ্গনে দুর্নীতি বন্ধ করা। এটা আমার তথা দেশের সুশিক্ষিত ও সচেতন নাগরিকদের মতে পুরাপুরি সঠিক বলে আমি মনে করি। তাই আমি একজন ক্ষুদ্র লেখক হিসেবে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য একটি প্রতিবেদন রচনা করেছি। প্রতিবেদনটি নিম্নরূপ ঃ

প্রথমত, প্রধানমন্ত্রী প্রতিমাসে একবার শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব এবং বাংলাদেশের সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের নিয়ে সাধারণ আলোচনা করবেন। সাধারণ আলোচনার বিষয় হবে ঃ বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার উন্নতি কেমন হচ্ছে, কোন অনিয়ম আছে কি? যদি কোন সমস্যা হয় তা সমাধানের উপায় খুঁজে বের করা ইত্যাদি।

দ্বিতীয়ত, শিক্ষামন্ত্রী এবং শিক্ষা সচিব প্রতিমাসে একবার বাংলাদেশের সকল বিভাগীয় শিক্ষা কর্মকর্তাকে নিয়ে সাধারণ আলোচনা করবেন। সাধারণ আলোচনার বিষয় হবে ঃ প্রত্যেক বিভাগীয় শিক্ষা কর্মকর্তা তাদের নিজ নিজ বিভাগের শিক্ষা ব্যবস্থার উন্নতি কেমন হচ্ছে, কোন অনিয়ম ঘটছে না কি? সকল জেলার শিক্ষা কর্মকর্তা ঠিক ঠিক দায়িত্ব পালন করছেন কিনা? এবং যদি কোন সমস্যা থাকে তা শিক্ষামন্ত্রী এবং শিক্ষা সচিবকে জানাবেন।

তৃতীয়ত, বিভাগীয় শিক্ষা কর্মকর্তারা প্রতিমাসে একবার তাদের নিজ নিজ বিভাগের সকল জেলায় শিক্ষা কর্মকর্তাদের নিয়ে সাধারণ আলোচনা করবেন। সাধারণ আলোচনার বিষয় হবে ঃ প্রত্যেক জেলার শিক্ষা কর্মকর্তাদের নিজ নিজ জেলার শিক্ষা ব্যবস্থার উন্নতি কেমন হয়েছে, কোন অনিয়ম ঘটছে না কি? জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা ঠিক ঠিকভাবে দায়িত্ব পালন করছে কিনা? যদি কোন সমস্যা থাকে তা বিভাগীয় শিক্ষা কর্মকর্তাকে জানাবেন।

চতুর্থত, জেলা শিক্ষা কর্মকর্তারা প্রতিমাসে একবার তাদের নিজ নিজ জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে সাধারণ আলোচনা করবেন। সাধারণ আলোচনার বিষয় হবে ঃ প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান তাদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ব্যবস্থার উন্নতি কেমন হচ্ছে, কোন অনিয়ম আছে কি না? প্রতিষ্ঠানের সকল শিক্ষক-শিক্ষিকা ঠিক ঠিকভাবে দায়িত্ব পালন করছে কিনা? যদি কোন সমস্যা থাকে তা জেলা শিক্ষা কর্মকর্তাকে জানাবেন।

পঞ্চমত, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা প্রতিমাসে একবার তাদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক-শিক্ষিকা নিয়ে সাধারণ আলোচনা করবে। সাধারণ আলোচনার বিষয় হবে ঃ প্রত্যেক বিষয়ের শিক্ষক বা শিক্ষিকা তাদের নিজ নিজ শিক্ষা বিষয়ের শিক্ষা ব্যবস্থার উন্নতি কেমন হচ্ছে, সকল ছাত্র-ছাত্রী ঠিকভাবে ক্লাস করছে কিনা? এবং যদি কোন সমস্যা থাকে তা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের জানাবেন।

মো. শাহজাহান আলী সরকার
গ্রাম- সোনাখুলী মুন্সীপাড়া
পোস্ট- সোনাখুলী (সৈয়দপুর-৫৩১০)
উপজেলা-সৈয়দপুর
জেলা-নীলফামারী।